শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১
স্থাপিত-২০১৫ ইং
ISO 9001:2015 Certified

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১
চেঙ্গাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
ই-মেইলঃ-narayanganj_pbs1@ yahoo.com ওয়েব সাইটঃ-pbs1.narayanganj.gov.bd
বিদ্যুৎ মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.mpemr.gov.bd

স্মারক নং-২৭.১২.৬৭০৪.৫৭০.০১.০৪৮.২২.৭৭৪৭

তারিখঃ- ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ
১৩ জুন, ২০২২ খ্রিস্টাব্দ

## দরপত্র বিজ্ঞপ্তি (RFQ)

### "স্টীলের ফাইল/বিলিং ফাইল র‍্যাক" সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি (RFQ)

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক পবিস নিজস্ব তহবিলের আওতায় সদর দপ্তর, জোনাল , সাব-জোনাল ও এরিয়া অফিসের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতির মাধ্যমে নিম্নবর্ণিত **"স্টীলের ফাইল/বিলিং ফাইল র‍্যাক"** সরবরাহের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত উৎপাদনকারী /সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

| দরপত্র নং | মালামালের বিবরণ | মালামালের পরিমাণ | দাখিলকৃত উদ্ধৃত মূল্যে (টাকা) | |
|---|---|---|---|---|
| | | | একক মূল্য | মোট মূল্য |
| ৫৫/২০২১-২০২২ | **স্টীলের ফাইল/বিলিং ফাইল র‍্যাক** প্রতিটি তাক দুই বা দুই পার্শ্বের সাইড ১.৫"x১.৫"(৪ এম এম) এঙ্গেল BSRM/সমমানের বার দ্বারা নির্মিত ২০ গেজ প্লেন শীট দ্বারা। (সাইজ: লম্বা: ০৮ ফুট উচ্চতা: ০৮ ফুট, চওড়া ১৮ ইঞ্চি ০৭ তাক (সমদূরত্ব) বিশিষ্ট। ওজন=ন্যূনতম ২০৫কেজি)র‍্যাকের মধ্যে বরাবর (সম দূরত্বে) ০২ পার্শ্বে ০২ (দুই)টি ২"ফ্লাটবার দ্বারা আটকানো থাকবে। প্রতিটি খুটির পায়ার উচ্চতা ৩"এবং প্রতিটি সাইড তাক এবং রি-এনফোর্স ফ্লাট বার সমস্তই নাট/বোল্ট সিস্টেমের হবে। (পোর্টেবল) রং প্রথম কোট রেড অক্সাইড এবং অতঃপর গ্রে/চকলেট কালারের উন্নতমানের এনামেল পেইন্ট দিতে হবে। সম্পূর্ণ র‍্যাক তৈরী হবে অফিস কর্তৃক প্রদত্ত নমুনা মোতাবেক। মোতাবেক) | ২৫ টি | | |
| | কথায়:(.......................................................................) | | মোট মূল্য | |

০১।। আগ্রহী দরদাতাকে আগামী ২০/০৬/২২ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত দরপত্রসমূহ সদর দপ্তর,নারায়ণগঞ্জ পবিস-১, চেঙ্গাইন,সোনারগাঁ,নারায়ণগঞ্জ এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কে:অ:) পরিদপ্তর, বাপবিবোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করা যাবে। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হইবে না। প্রাপ্ত দরপত্রসমূহ দরপত্র দাখিলের দিনই অর্থাৎ আগামী ২০/০৬/২২ খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। ডাক ও কুরিয়ার যোগে কোন দরপত্র প্রেরণ করা যাবে না।

০২।। দরপত্রের সহিত হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, আয়কর সনদ, ব্যাংক সলভেন্সি সনদ ও পল্লী বিদ্যুৎ সমিতিতে উল্লিখিত মালামাল সরবরাহের অভিজ্ঞতা (যদি থাকে) এর সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

০৩।। খামের উপর "**স্টীলের ফাইল/বিলিং ফাইল র‍্যাক**" সরবরাহের দরপত্র" কথাটি স্পষ্টাকারে লিখতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে বিবেচিত হবে।

০৪।। উৎপাদনকারী/সরবরাহকারী/ প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেডপ্যাডে **"স্টীলের ফাইল/বিলিং ফাইল র‍্যাক "** এর একক মূল্য ও মোট মূল্য উল্লেখপূর্বক সীলমোহরকৃত খামে দর দাখিল করতে হবে।

০৫।। সফল দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদানের ১০ (দশ) দিনের মধ্যে বর্ণিত **"স্টীলের ফাইল/বিলিং ফাইল র‍্যাক "** সম্পূর্ণ নিজ দায়িত্বে ও খরচে নিজস্ব ব্যবস্থাপনায় পবিসের প্রয়োজন অনুযায়ী চাহিদা মোতাবেক পবিস সদর দপ্তরের আওতাধীন অফিস সমূহে পৌছাইতে হবে। সরবরাহকৃত মালামাল উন্নতমানের এবং নমুনা মোতাবেক হইতে হইবে। অন্যথায় মালামাল গ্রহণ করা হবে না।

০৬।। সরবরাহকারীকে চালান ও বিল দাখিলের পর সরবরাহকৃত মালামালের গুণগত মান যাচাই পূর্বক মান সঠিক আছে মর্মে প্রত্যয়ন সাপেক্ষে পবিস কর্তৃক সরকারি নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন সাপেক্ষ একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে মালামালের মূল্য পরিশোধ করা হবে।

০৭।। যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে সরবরাহকৃত মালামালের মূল্য হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০%(দশ শতাংশ) এর অধিক হতে না।

০৮।। দরপত্র বাছাই কালে উদ্ধৃত মূল্যে গাণিতিক কোন ভুল থাকলে উদ্ধৃত একক মূল্যকে পরিমাণ দ্বারা গুণ করে প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে একক মূল্য বহাল থাকবে এবং সে অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হবে। অংকে উদ্ধৃত মূল্য এবং কথায় উদ্ধৃত মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে কথায় উদ্ধৃত মূল্য বহাল থাকবে।

০৯।। শর্তাবলীতে উল্লেখ নাই এমন বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বাতিল বা গ্রহণ করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

(প্রকৌঃ মোঃ মাশফিকুল হাসান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-(সদয় অবগতি এবং নোটিশ বোর্ড ও ওয়েবসাইট -এ বহুল প্রচারের অনুরোধসহ) (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।

০১। পরিচালক,পবিস মনিটরিং ও ব্যঃ ও পঃ ( কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। (নির্ধারিত তারিখে দরপত্র গ্রহন ও খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সদয় অনুরোধ করা হলো। )

০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর,বাপবিবো,ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সদয় অনুরোধ করা হলো।)

৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।

৪। পুলিশ সুপার,নারায়ণগঞ্জ।

৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.................................... পবিস-১/২/৩/৪।

৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা,সোনারগাঁ,বন্দর ।

৭। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, নারায়ণগঞ্জ।

৮। ডিজিএম (কারিগরি/সোনারগাঁও/বন্দর/তারাব/মদনপুর), নারায়ণগঞ্জ পবিস-১।

৯। সহকারী প্রকৌশলী, বাপবিবো, নারায়ণগঞ্জ।

১০। এজিএম (অর্থ-হিসাব/ওঅ্যান্ডএম/আইটি), নারায়ণগঞ্জ পবিস-১। (এজিএম আইটি অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য) ।

১১। মের্সাস.............................................................।

১২। নোটিশ বোর্ড, নারায়ণগঞ্জ পবিস-১।

(প্রকৌঃ মোঃ মাশফিকুল হাসান)
জেনারেল ম্যানেজার